১১।

দৈনিক ইনকিলাব

তারিখ ২ ১ NOV 1997
পৃষ্ঠা ১২ কলাম ৪

### ২৫ নভেম্বর চঃ বিঃতে হরতালের ডাক

# ক্যাম্পাসে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে টানটান উত্তেজনা

চট্টগ্রাম (২০ নভেম্বর), বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আগামী ২৫ নভেম্বর ছাত্রশিবির কর্তৃক বৃহত্তর চট্টগ্রামে অর্ধদিবস হরতাল ঘোষণার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আরো উত্তপ্ত হয়ে উঠেছে। আজ (বৃহস্পতিবার) ক্যাম্পাসে ছাত্রলীগ, ছাত্রঐক্য ও শিবির কর্মীদের মধ্যে টানটান উত্তেজনা পরিলক্ষিত হয়েছে। ক্যাম্পাসে পুলিশের সংখ্যা আরো বাড়ানো হয়েছে বলে জানা গেছে। ৬ দফা দাবীতে শিবির ভিসি বরাবরে একটি স্মারকলিপি দিয়েছে। সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্রঐক্য ও ছাত্রশিবির পৃথক পৃথক মিছিল সমাবেশের জন্য জড়ো হলেও পুলিশের ব্যাপক উপস্থিতি ও মারমুখী অবস্থান দেখে মিছিল সমাবেশ থেকে বিরত হয়। তবে দল বেঁধে ছাত্রলীগ ও শিবির কর্মীদের টহল দিতে দেখা গেছে। এদিকে আগামী ২৫ নভেম্বর হরতাল ঘোষিত হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঐদিনের নির্ধারিত পরীক্ষাসমূহ পিছিয়ে দিয়েছে। আজ পৃথক পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, রাজনীতি বিজ্ঞান বিভাগের ১৯৯৪ সালের এমএসএস শেষ পর্ব ১ম পত্রের পরীক্ষা ২৫ নভেম্বরের পরিবর্তে ৪ জানুয়ারী ১৯৯৮ তারিখ অনুষ্ঠিত হবে। একইভাবে দর্শন বিভাগের ১৯৯৫ সালের এমএ প্রিলিমিনারী ৪র্থ পত্রের পরীক্ষা ২৫ নভেম্বরের পরিবর্তে ২৬ নভেম্বর অনুষ্ঠিত হবে। এদিকে বিবদমান দু'টি ছাত্র সংগঠনের মধ্যে হিংসাত্মক মনোভাবে জাতীয়তাবাদী ছাত্রদল গভীর উদ্বেগ প্রকাশ করেছে। আজ দুপুরে ভার্সিটি রেলস্টেশন চত্বরে এক সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, দু'টি সংগঠনের সন্ত্রাসী কার্যকলাপের ব্যাপারে কর্তৃপক্ষের নীরবতা পরিস্থিতিকে অস্থিতিশীল করছে। নেতৃবৃন্দ ক্যাম্পাস ও হলসমূহে সহাবস্থান নিশ্চিত করতে আলাপ-আলোচনার ভিত্তিতে উদ্ভূত পরিস্থিতি নিরসন এবং এ ব্যাপারে ভার্সিটি প্রশাসনকে কার্যকর পদক্ষেপ নেয়ার দাবী জানান। সংগঠনের সহ-সভাপতি জাফরুল আলমের সভাপতিত্বে সমাবেশে বদরুল হুদা সিদ্দিকী, খুরশিদ আলম, সাইফুর রহমান, শফিকুজ্জামান, মুমিনুল ইসলাম, সোহরাব হোসেন সোহেল প্রমুখ ছাত্রদল নেতা বক্তব্য রাখেন।